



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/কক্সবাজার-৫৮/ ২৭৫ন

তারিখঃ ১০/১১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.২০.২২৪৫.০০০.৩৪.০২২.২০১৭-৪২৪; তারিখঃ ১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/কক্সবাজার-৫৮/৩৮৭; তারিখঃ ৩০/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার কতুবদিয়া উপজেলাধীন বড়ঘোপ ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদ্রাসার গভার্ণিং বডি'র সভাপতির বিরুদ্ধে অত্র মাদ্রাসার সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আওরঙ্গজেব একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন (কপি সংযুক্ত)। অভিযোগপত্রে উপাধ্যক্ষ নিয়োগে প্রভাব খাটিয়ে, নৈতিকভাবে আর্থিক লাভবান হয়ে তাহার নিকটতম আত্মীয়, একজন চরিত্রহীন ব্যক্তি, বিভিন্ন মামলার অভিযুক্ত আসামীকে উক্ত পদে নিয়োগ দান এবং কোন যুক্তিসঙ্গত কারণ ছাড়াই অনেকের আবেদন বাতিল করেন মর্মে উল্লেখ করা হয়।

উল্লিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কতুবদিয়া, কক্সবাজারকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে অনুরোধ করা হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কতুবদিয়া, কক্সবাজার বোর্ড কর্তৃক এক বা একাধিক কর্মকর্তা নিয়োগপূর্বক বিষয়টি বোর্ডের অধীনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

যেহেতু ফাযিল স্তরের মাদ্রাসাসমূহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের এখতিয়ারাধীন নয় সেহেতু উল্লিখিত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (-----) পাতা।

15.11.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

✓প্রাপকঃ রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/২২, ব্লক-এ, রোড নম্বর- ০৩
পশ্চিম ধানমন্ডি মেইন রোড, বহিলা
মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কতুবদিয়া, কক্সবাজার।
- ২। সভাপতি, গভার্ণিং বডি, বড়ঘোপ ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, ডাক ও উপজেলা: কতুবদিয়া, জেলা: কক্সবাজার।
- ৩। অধ্যক্ষ, বড়ঘোপ ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, ডাক ও উপজেলা: কতুবদিয়া, জেলা: কক্সবাজার।
- ৪। জনাব মোহাম্মদ আওরঙ্গজেব, সহকারী অধ্যাপক, পিতা: মৃত- জুলফিকার আহম্মেদ
সাং-আলী আকবর ডেইল, উপজেলা: কতুবদিয়া, জেলা: কক্সবাজার।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।